বাংলাদেশ পাটকল করপোরেশন
নিরীক্ষা বিভাগ
৯৯ করিম চেম্বার, মতিঝিলবা/এ, ঢাকা।
www.bjmc.gov.bd.com

## পুনঃ কোটেশন বিজ্ঞপ্তি

**বাংলাদেশ পাটকল কর্পোরেশন এর প্রধান কার্যালয়ের ২০১৪-১৫ অর্থ বৎসরের বার্ষিক চুড়ান্ত হিসাব নিরীক্ষনের নিমিত্তে যৌথ বহিঃ নিরীক্ষক নিয়োগের জন্য সিএ ফার্ম হতে সীল গালা খামে/ফ্যাক্স/ইলেকট্রনিক মেইলের মাধ্যমে পুনঃ কোটেশন আহ্বান করা যাচ্ছে।**

| ক্র. নং | ডবষয় | সেবা ও কোটেশন সংক্রান্ত তথ্য | | |
|---|---|---|---|---|
| ০১ | মন্ত্রনালয়/বিভাগ | বস্ত্র ও পাটমন্ত্রনালয়। | | |
| ০২ | বিভাগের নাম | অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, বিজেএমসি, ঢাকা। | | |
| ০৩ | সংগ্রাহক প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, বিজেএমসি, ঢাকা। | | |
| ০৪ | সংগ্রাহক প্রতিষ্ঠানের কোড | প্রযোজ্য নহে। | | |
| ০৫ | সংগ্রাহক প্রতিষ্ঠানের জেলা | ঢাকা। | | |
| ০৬ | কোটেশন আহবানের বিষয় | বাংলাদেশ পাটকল কর্পোরেশন এর প্রধান কার্যালয়ের ২০১৪-১৫ অর্থ বৎসরের বার্ষিক চুড়ান্ত হিসাব নিরীক্ষনের নিমিত্তে **যৌথ বহিঃ নিরীক্ষক নিয়োগ**। | | |
| ০৭ | কোটেশন বিজ্ঞপ্তি নম্বর | **২৪.০৪.০০০০.১০৩.৬৪.০০১.১৫/ তারিখ ১৩.০৩.২০১৬** | | |
| ০৮ | সেবা ক্রয় পদ্ধতি | কোটেশন পদ্ধতি। | | |
| ০৯ | সেবা সংগ্রহ পদ্ধতি | কোটেশন পদ্ধতি। | | |
| ১০ | বাজেট ও তহবিলের উৎস | বিজেএমসি বার্ষিক বাজেট। | | |
| ১১ | কোটেশন প্রকাশের তারিখ | ১৩.০৩.২০১৬ | | |
| ১২ | কোটেশন দাখিলের শেষ তারিখ ও সময় | ২৩.০৩.২০১৬ তারিখ সকাল ১১.০০ ঘটিকা। | | |
| ১৩ | কোটেশন উন্মুক্তকরণের তারিখ ও সময় | ২৩.০৩.২০১৬ তারিখ সকাল ১১.৩০ ঘটিকা। | | |
| ১৪ | কোটেশন আহবানকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | বাংলাদেশ পাটকল করপোরেশন, আভন্তরিণ নিরীক্ষা বিভাগ, ৯৯ করিম চেম্বার, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। | | |
| | কোটেশন উন্মুক্তকরণ ঠিকানা | পরিচালক(অর্থ), এর কক্ষ বিজেএমসি,ঢাকা | | |
| ১৫ | কোটেশন দাতাগণের যোগ্যতা/মূল্য পরিশোধের শর্তাবলী | ১। আইসিবি ও বাংলাদেশ বাংকের তালিকাভূক্ত হতে হবে।<br>২। বিজেএমসি ও অন্যান্য করপোরেশনের বার্ষিক হিসাব নিরীক্ষা করার নূন্যতম ৫বৎসেরর অভিজ্ঞতা থাকতে হবে।<br>৩। পর্যাপ্ত জনবল ও লজিষ্টিক সাপেটিসহ ঢাকায় একটি সুসজ্জিত দপ্তর থাকতে হবে।<br>৪। পরিশিষ্ট -০খ এ বর্ণিত শর্তাবলী অনুসরণপূর্বক কার্য সম্পাদন করতে হবে।<br>৫। চূড়ান্ত নিরীক্ষা প্রতিবেদনের সাথে ৩(তিন) কপি নিরীক্ষা ফি বিল সংস্থার নিরীক্ষা বিভাগীয় প্রধানের নিকট দাখিল করিতে হইবে। চূড়ান্ত প্রতিবেদন গ্রহনযোগ্য হিসাবে বিবেচিত হওয়ার পর সরকারী বিধিবিধান অনুযায়ী ট্যাক্স/ভ্যাট ইত্যাদি কর্তনপূর্বক এ্যাকাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হইবে। | | |
| ১৬ | কোটেশন আহবানকারী কর্মকর্তার নাম | মাহমুদ হাসান | | |
| ১৭ | কোটেশন আহবানকারী কর্মকর্তার পদবী | উপ-ব্যবস্থাপক(নিরীক্ষা) ও নিরীক্ষা বিভাগীয় প্রধান চলতি দায়িত্ব | | |
| ১৮ | কোটেশন আহবানকারী কর্মকর্তার ঠিকানা | বাংলাদেশ পাটকল করপোরেশন, আভন্তরিণ নিরীক্ষা বিভাগ, ৯৯ করিম চেম্বার, মতিঝিলবা/এ, ঢাকা-১০০০। | | |
| ১৯ | কোটেশন আহবানকারী কর্মকর্তার সাথে যোগাযোগের মাধ্যম | টেলিফোন নম্বর<br>৯৫৫৭৮৪৯ | ফ্যাক্স নম্বর<br>(+৮৮০-২)৯৫৬৪৭৪০ | ই-মেইল<br>bjmc_audit@yahoo.com |
| ২০ | কোটেশন আহবানকারী কর্তৃপক্ষ কোনো প্রকার কারণ দর্শানো ব্যতীত কোটেশনগ্রহণ/বাতিল করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন। | | | |

স্বাক্ষর/-
উপ-ব্যবস্থাপক(নিরীক্ষা)
**ফোন :৯৫৫৭৮৪৯**

স্মারক নং ২৪.০৪.০০০০.১০৩.৬৪.০০১.১৫/ ৯৬ তারিখ ১৩.০৩.২০১৬

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। সচিব ,বিজেএমসি,ঢাকা (কোটেশন বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
২। মহাব্যবস্থাপক(হিসাব ও অর্থ) সিসি,বিজেএমসি,ঢাকা।
৩। উপ-ব্যবস্থাপক, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর।
৪। ব্যবস্থাপক(জনসংযোগ),বিজেএমসি,ঢাকা(কোটেশন বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫। অফিস কপি

১৩.০৩.১৬

(মোহাম্মদ কামরুজ্জামান)
উপ-ব্যবস্থাপক(নিরীক্ষা)

# ছক

১। ফার্মের নাম

২। রেজিষ্টেশন অনুযায়ী ফার্মের অভিজ্ঞতা

৩। ফার্ম প্রধান ও অংশীদারদের শিক্ষাগত যোগ্যতা

৪। ছাত্র- ছাত্রীর সংখ্যা:

(ক) সি,এ কোর্স সমাপ্তকারীর সংখ্যা।

(খ) সি,এ ইন্টারমেডিয়েট সংখ্যা।

৫। ফার্ম কর্তৃক সরকারী/সংস্থা অডিটের অভিজ্ঞতার বিবরণ।

৬। কোটেশন ভ্যালু:

| দর | ট্যাক্স | ভ্যাট | মোট দর |
|---|---|---|---|

পরিশিষ্ট-খ

শর্তাবলীঃ

১। কোটেশন খাম অবশ্যই সীলগালা করে জমা দিতে হবে।

২। পরিশিষ্ট"ক"এর ছক অনুযায়ী সকল তথ্যাদি দর প্রস্তাবের সাথে প্রোফাইল আকারে দাখিল করিতে হইবে।

৩। (ক) সংস্থার প্রধান কার্যালয়ের ২০১৪-১৫ অর্থ বছরের বাষিক চূড়ান্ত হিসাবের খসড়া হিসাব ব্যবস্থাপক(হিসাব) আপনাদের নিকট দাখিল করিবে এবং খসড়া হিসাব প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে আপনাদিগকে নিরীক্ষা কার্য আরম্ভ করিতে হইবে।

খ) আপত্তিযোগ্য বিষয়সমূহ মীমাংসার লক্ষ্যে নিরীক্ষাকালেই সংস্থার নিকট উপস্থাপন করিতে হইবে এবং সংস্থার সহিত আলোচনাক্রমে যে সমস্ত আপত্তি সুরাহা/মীমাংসা সম্ভব নয়, কেবল মাত্র ঐ সমস্ত আপত্তিই নিরীক্ষা প্রতিবেদনের অন্তর্ভূক্ত করিতে হইবে।

গ) হিসাব নিরীক্ষা সম্পর্কিত যাবতীয় পত্রাদি নিরীক্ষা বিভাগীয় প্রধানের বরাবরে প্রেরণ করিতে হবে।

ঘ) হিসাব নিরীক্ষার কার্যক্রম শুরু করার ৩০(ত্রিশ) দিনের মধ্যে নিরীক্ষা কার্য সম্পন্ন করিয়া হিসাব বিবরনী সমেত ৪ (চার)কপি খসড়া নিরীক্ষা প্রতিবেদন সংস্থার পরিচালক(অর্থ) মহোদয়ের বরাবরে পেশ করিতে হইবে। খসড়া প্রতিবেদন চূড়ান্ত করার লক্ষ্যে পূর্ব নির্ধারিত যে কোন তারিখে মহাব্যবস্থাপক(হিসাব ও অর্থ) সভাপতিত্বে একটি যৌথ আলোচনা সভা অনুষ্ঠিত হবে। যৌথ সভায় আলোচিত বিষয়সমূহ বিবেচনা পূর্বক উক্ত প্রতিবেদন ও হিসাব চুড়ান্ত করিতে হইবে। যৌথ আলোচনা অনুষ্ঠানের ৭(সাত) দিনের মধ্যে হিসাব বিবরনীতে লক্ষনীয় মন্তব্য এবং সমর্থন সূচক সকল তফসিল সমেত ৩(তিন) সেট প্রতিবেদন সংস্থার পরিচালক(অর্থ) মহোদয়ের বরাবরে পেশ করিতে হইবে।

ঙ) নিরীক্ষাকালে হিসাব নিরীক্ষার প্রচলিত বিধিবিধানের আলোকে সংস্থার বিভিন্ন ধরনের আর্থিক অনিয়ম ও অপচয় সংক্রান্ত বিষয়াদি উদঘাটনে সচেষ্ট হইতে হইবে এবং আর্থিক ব্যবস্থাপনা উন্নয়নের উদ্দেশ্যে যথোপযুক্ত পরামর্শ প্রদান করিতে হইবে।

চ) যাবতীয় ঋনের ধরন অনুযায়ী, সুদের হার, পরিশোধিত ঋন ও ঋনের সুদ, বকেয়া ঋন ও ঋনের সুদ সম্পর্কে সুনির্দিষ্ট প্রতিবেদন আলাদাভাবে প্রতিবেদন/হিসাব উপস্থাপন করিতে হইবে।

ছ) বিজেএমসি'র অভীষ্ট লক্ষ্য আরও গতিশীল এবং কার্যকর করার উদ্দেশ্যে বহিঃ নিরীক্ষকগনকে অবশ্যই আর্থিক নিরীক্ষা পাশাপাশি" ম্যানেজমেন্ট অডিট রিপোর্ট" সম্পর্কিত তথ্যাদি যেমন প্রশাসনিক, আর্থিক অবস্থা(সম্পদ ও দায়-দেনার রেশিও বিশ্লেষণ) প্রশাসনিক দক্ষতা, উৎপাদন এবং বাণিজিক লক্ষমাত্রা অর্জন ও অন্যান্য বিষয়ে অবস্থা(কিছু পরিলক্ষিত হইলে) ইত্যাদি সম্পর্কে পৃথর্কভাবে গোপনীয় প্রতিবেদন পরিচালক(অর্থ) মহোদয়ের বরাবরে দাখিল করা যাইতে পারে।

জ) ক্রয় সংক্রান্ত বিদ্যমান নীতিমালা/নিয়মাবলী অনুসরন সম্পর্কে নিরীক্ষা এবং সম্পর্কিত একটি প্রতিবেদন নিরুপন পূর্বক পেশ করিতে হইবে।

ঝ) রেকর্ড পত্র যেখানে যে অবস্থায় সংরক্ষিত আছে তার ভিত্তিতে নিরীক্ষা কার্য সম্পাদন করিতে হইবে।

ঞ) নিরীক্ষা বিভাগে ১৫ সেট এবং প্রধান কার্যলয়ের প্রকল্প হিসাবে ৫ সেট অডিট রিপোর্টি প্রেরন করিতে হবে।

বিশেষ শর্তাবলীঃ

কোটেশন তফসিলে নিম্মোক্ত দলিলাদি(সত্যায়িত)কোটেশনের সাথে অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায় প্রদত্ত কোটেশন বিবেচনাযোগ্য হবে না ।

ক) আইসিবি ও বাংলাদেশ বাংকের তালিকাভূক্ত সনদের ফটোকপি।

খ) বিজেএমসি /অন্যান্য করপোরেশনের বার্ষিক হিসাব নিরীক্ষা করার নূন্যতম ৫বৎসরের অভিজ্ঞতার সনদের ফটোকপি।

গ) টিআইএন নম্বর সম্বলিত হাল নাগাদ আয়কর পরিশোধের সনদের ফটোকপি।

ঘ) ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট/ভ্যাট প্রদানের যথাযথ কাগজপত্রের ফটোকপি।

ঙ) কোটেশন প্রদাকারীর নিজস্ব প্যাডে অগ্রায়নপত্র।